

স্মারক নং/খু প্র বি/ .২৮.১.১/২০০৫

তারিখ ২৬.১.০১.২০১৮.২১


২০১৭-১৮ শিক্ষা বর্ষের স্নাতক কোর্সের ১ম বর্ষের ওরিয়েন্টেশন ও ক্লাস শুরু করা প্রসঙ্গে

প্রিয় শিক্ষার্থী,

তুমি নিশ্চয় অবগত আছো যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে একটি অন্যতম বিশ্ববিদ্যালয়। শিক্ষার্থীরা এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে নির্ধারিত সময়ের মধ্যে ডিগ্রী অর্জন করতে সক্ষম হয়। প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ সুবিধাসহ দেশের সুযোগ্য শিক্ষকমন্ডলী দ্বারা পরিচালিত হচ্ছে দেশের প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক এ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানটি। ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে ভর্তি হওয়ার উদ্দেশ্যে অনেক মেধাবী শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য তোমাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তুমি বর্তমানে এ পরিবারের একজন নবীন সদস্য।

আগামী ২৫/০১/২০১৮ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকায় এ বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের কেন্দ্রীয়ভাবে ওরিয়েন্টেশন (পরিচিত সভা) অনুষ্ঠিত হবে। ওরিয়েন্টেশন শেষ হওয়ার পর শিক্ষার্থীদেরকে ঐ দিনই তাদের স্ব স্ব বিভাগে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে বিভাগীয় ওরিয়েন্টেশনে যোগদান, কোর্স রেজিস্ট্রেশন সহ অন্যান্য আনুষঙ্গিক দাপ্তরিক কার্যাবলী সম্পন্ন করে নির্ধারিত ক্লাস শুরু করতে হবে। এখানে একটি বিষয় উল্লেখ্য যে, ক্লাস শুরু হওয়ার পর ২(দুই) সপ্তাহ একটানা ক্লাসে অনুপস্থিত থাকলে সে ক্ষেত্রে তার ভর্তি আপনা আপনি বাতিল হয়ে যাবে। ঐ দিনই শিক্ষার্থীদেরকে তাদের জন্য নির্ধারিত হলে উপস্থিত হয়ে ঘোষিত সময়ে হলে অনাবাসিক ছাত্র হিসাবে ভর্তি হবার যাবতীয় কার্যাবলী সম্পন্ন করতে হবে।

তোমাকে আবারো স্বাগত জানাচ্ছি। নির্ধারিত তারিখ ও সময়ে তুমি আমাদের মাঝে উপস্থিত হয়ে জীবনের নতুন অধ্যায়ের শুরু সূচনা করবে, এ প্রত্যাশা ব্যক্ত করছি।


(জি, এম, শহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

